



ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬

ফোন : ৯০২৩৩৩৮, ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫

ওয়েবসাইট: www.dcc.edu.bd

সূত্র :

তারিখ : ১৭ অক্টোবর ২০২১

বিজ্ঞপ্তি

সকল বিভাগীয় চেয়ারম্যানগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৮ অক্টোবর ২০২১ বঙ্গবন্ধু তনয় শেখ রাসেলের ৫৮ তম জন্মদিন উপলক্ষে “শেখ রাসেল দিবস” উদযাপন করা হবে। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের জন্য উক্ত দিন ফজরের নামাজের পর ঢাকা কমার্স কলেজ নামাজ ঘরে দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। একাদশ শ্রেণির ক্লাসকক্ষে দ্বিতীয় পিরিয়ডে স্ব স্ব শ্রেণিশিক্ষক “শেখ রাসেল দিবস” বিষয়ক আলোচনা অনুষ্ঠান পরিচালনা করবেন। শিক্ষার্থীরাও উক্ত আলোচনায় অংশ নিতে পারবে। সকাল ১০:০০ টায় কলেজ প্রাঙ্গণে অবস্থিত শহিদ মিনারের সামনে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। একাদশ শ্রেণির প্রতি ক্লাস হতে দুইজন করে ক্যাপ্টেন উক্ত শ্রদ্ধাঞ্জলিতে অংশগ্রহণ করবে। বিভাগীয় চেয়ারম্যানগণ ক্যাপ্টেনদের অংশগ্রহণ নিশ্চিত করবেন। সকল শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীকে উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বলা হচ্ছে।

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ

আইসহায়ক

শিক্ষাসহায়ক কার্যক্রম ও

সংস্কৃতি বিষয়ক কমিটি ২০২১